# বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**

**বিআরপিডি সার্কুলার নং- ১৩**

২৯ আষাঢ় ১৪৩০
তারিখ: ----------------
১৩ জুলাই ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**কৃষিভিত্তিক হিমাগার শিল্পের ঋণ পুনঃতফসিলিকরণে বিশেষ সুবিধা প্রদান প্রসঙ্গে।**

বাংলাদেশ একটি কৃষি প্রধান দেশ। এদেশের অধিকাংশ ক্ষুদ্র ও মাঝারি কৃষককে ফসল সংরক্ষণের জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধার অভাবে ফসল ঘরে তোলার মৌসুমে অপেক্ষাকৃত কম দামে তাদের উৎপাদিত ফসল বিক্রি করতে হয়। পরবর্তীতে উক্ত ফসলের বাজার দর বৃদ্ধি পেলেও প্রান্তিক কৃষক প্রত্যাশিত দাম হতে বঞ্চিত হয়। এছাড়া সংরক্ষণের অভাবে প্রতি বছর বিপুল পরিমাণ ফসল নষ্ট হয়ে যায়। বর্ণিত প্রেক্ষাপটে, কৃষিজাত পচনশীল খাদ্য দ্রব্য সংরক্ষণে হিমাগারের অপরিসীম গুরুত্ব বিবেচনায় ব্যাংক কৃষিভিত্তিক হিমাগার শিল্পখাতে বিদ্যমান প্রকল্প ও চলমান ঋণ/বিনিয়োগ হিসাবসমূহ ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে পুনঃতফসিল করতে পারবে। পুনঃতফসিলিকরণে নিম্নবর্ণিত নীতিমালা অনুসরণীয় হবে:

ক) ঋণ হিসাবসমূহের ৩০ জুন ২০২৩ ভিত্তিক স্থিতির সুদ এবং আসল পৃথককরতঃ ২টি আলাদা হিসাব সৃষ্টি করতে হবে;

খ) সুদ বাবদ স্থিতি সুদবিহীন ব্লক হিসাবে স্থানান্তর করতে হবে এবং আসল বাবদ পাওনার উপর ব্যাংক প্রচলিত নিয়মানুযায়ী সুদ আরোপ করতে পারবে;

গ) আলোচ্য ঋণ হিসাবসমূহে ১ বছরের গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ১০ বছর মেয়াদে পুনঃতফসিল সুবিধা প্রদান করা যাবে;

ঘ) ঋণসমূহ পুনঃতফসিল করা হলেও উক্ত ঋণের বিপরীতে রক্ষিত প্রভিশন সংরক্ষণ করতে হবে। প্রকৃত আদায় ব্যতিরেকে উক্ত প্রভিশন আয়খাতে স্থানান্তর করা যাবে না;

ঙ) গ্রেস পিরিয়ড সমাপনান্তে প্রথমে আসল আদায় করতে হবে। অতঃপর ব্লক হিসাবে রক্ষিত সুদ আদায় করবে। উক্ত আসল ও সুদ বর্ণিত ৯ বছরের মধ্যে আদায়যোগ্য হবে। তবে কোন গ্রাহক ইচ্ছা করলে গ্রেস পিরিয়ডের মধ্যেও আসল এবং সুদ বাবদ পাওনা অর্থ পরিশোধ করতে পারবেন;

চ) এ খাতের ঋণসমূহ ষাণ্মাসিক কিস্তিতে আদায়যোগ্য হবে;

ছ) এ সুবিধা প্রদানের ক্ষেত্রে ঋণ পুনঃতফসিলিকরণ ও পুনর্গঠন সংক্রান্ত বিদ্যমান বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২২ এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী ডাউন পেমেন্ট আদায় করতে হবে;

জ) বিআরপিডি সার্কুলার নং-০৬/২০২২ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-১৮/২০২২ এ বর্ণিত নির্দেশনা পরিপালন সাপেক্ষে আলোচ্য প্রতিষ্ঠানসমূহের অনুকূলে সুদ মওকুফ সুবিধা প্রদানের বিষয়ে অর্থায়নকারী ব্যাংকের পরিচালনা পর্ষদ স্বীয় বিবেচনায় সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;

ঝ) ইতঃপূর্বে হিমাগার খাতের জন্য ঘোষিত বিভিন্ন নীতিমালার আওতায় পুনর্গঠন/পুনঃতফসিল/সুদ মওকুফ সুবিধা গ্রহণ করার পরও যে সকল ঋণ পুনরায় খেলাপী হিসেবে চিহ্নিত হয়েছে, সে সকল ঋণও এ সার্কুলারের আওতায় নতুনভাবে পুনঃতফসিল করা যাবে;

ঞ) জাল-জালিয়াতির মাধ্যমে সৃষ্ট ঋণের ক্ষেত্রে এ সার্কুলারে বর্ণিত সুবিধা কার্যকর হবে না;

ট) নির্ধারিত সময়ের মধ্যে আসল ও সুদ বাবদ পাওনা অর্থ আদায়ে ব্যর্থ হলে যথানিয়মে ঋণ শ্রেণীকরণ ও প্রভিশনিং করতে হবে এবং ব্যাংক আইনানুযায়ী ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণ করবে;

ঠ) এ সার্কুলারের আওতায় পুনঃতফসিল সুবিধা গ্রহণে ইচ্ছুক গ্রাহক কর্তৃক নগদে ডাউন পেমেন্ট জমাপূর্বক সার্কুলার জারির ৯০ দিনের মধ্যে অর্থায়নকারী ব্যাংকের নিকট আবেদন করতে হবে;

চলমান পাতা/০২

ড) ঋণগ্রহীতার আবেদন প্রাপ্তির তারিখ হতে ৬০ দিনের মধ্যে ব্যাংক কর্তৃপক্ষ গ্রাহকের আবেদন নিষ্পত্তি করবে;

ঢ) এ সার্কুলারের আওতায় পুনঃতফসিলিকৃত ঋণ হিসাবের বিপরীতে স্থগিত সুদ হিসাবে রক্ষিত সুদ প্রকৃত আদায় ব্যতিরেকে আয়খাতে স্থানান্তর করা যাবে না;

ণ) ইসলামী শরীয়াহ্ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহ উপরোক্ত নীতিমালা অনুসরণকরতঃ তাদের এতদ্‌সংক্রান্ত বিনিয়োগ হিসাব পুনঃতফসিলের মাধ্যমে আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে পারবে; এবং

ত) এ সার্কুলারের আওতায় সুবিধা গ্রহণের সময় সোলেনামার ভিত্তিতে চলমান মামলাসমূহ নিষ্পত্তি করা যেতে পারে। পরবর্তীতে কোন গ্রাহক বর্ণিত সুবিধার কোন শর্ত ভঙ্গ করলে প্রদত্ত পুনঃতফসিল সংক্রান্ত সকল সুবিধা বাতিল বলে গণ্য হবে এবং গ্রাহকের বিরুদ্ধে স্থগিত মামলা পুনরুজ্জীবিত করা যাবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২